APR 18 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ........
পৃষ্ঠা 4 কলাম 2

## প্রসঙ্গঃ ডিগ্রীতে মনোবিজ্ঞান ও দর্শন বিষয়

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নূতন নিয়ম অনুযায়ী ২০০০ সাল থেকে মনোবিজ্ঞান ও দর্শন বিষয় এক সাথে ডিগ্রীতে নেয়া যাবে না। অর্থাৎ এ দু'টি বিষয় থেকে যে কোনো ১টি বিষয় নেয়া যাবে। কিন্তু আমাদের বোধগম্য হল না যে, জাতীয় বিশ্ববিদ্যালয় এর সাথে আরও একটি শর্ত ছাত্র-ছাত্রীদের উপর কিভাবে আরোপ করতে পারে। শর্তটি নাকি এইরূপ– যারা এসএসসি পাস করার পর যুক্তিবিদ্যা ঐচ্ছিক বিষয় হিসেবে নিয়েছিল তাদেরকে অবশ্যই ডিগ্রীতে দর্শন নিতে হবে, তারা মনোবিজ্ঞান নিতে পারবে না। আবার যারা মনোবিজ্ঞান ঐচ্ছিক বিষয় হিসেবে নিয়েছিল তারা দর্শন নিতে পাবে না, নিতে পারবে মনোবিজ্ঞান। এই শর্তের কথা জানালেন নাসিরনগর ডিগ্রী কলেজের কর্তৃপক্ষ। যার ফলে অনেকেই তাদের পছন্দমত মনোবিজ্ঞান বা দর্শন বিষয় নিয়ে পড়তে পারছে না। কিন্তু পরে অন্যান্য কলেজে খোঁজ নিয়ে জানলাম এমন ধরনের কোনো শর্ত জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আরোপ করেননি। তাহলে কি এই শর্ত শুধু নাসিরনগর ডিগ্রী কলেজের ছাত্র-ছাত্রীদের ওপরই আরোপ করা হয়েছে?

রেজা-ই রাব্বি চৌধুরী,
নাসিরনগর, বি, বাড়িয়া।